বৃহস্পতিবার রাতে দেশে ফিরছেন সাকিব

বিসিবির ঘরোয়া টি-টোয়েন্টি টুর্নামেন্ট খেলতে আগামী বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরছেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান।

বৃহস্পতিবার দিবাগত রাত ২টায় কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন সাকিব।

আইসিসির নিষেধাজ্ঞা উঠে যাওয়ায় সাকিব দেশে ফিরে মন দেবেন খেলায়। নভেম্বরে শুরু হতে যাচ্ছে বিসিবির টি-টোয়েন্টি আসর। একবছর অপেক্ষার পর ক্রিকেটে ফিরে টাইগার তারকা পাবেন ছোট ফরম্যাটের ক্রিকেটে ৫ হাজার রানের মাইলফলক স্পর্শের সুযোগ।

বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে টি-টুয়েন্টিতে পাঁচ হাজারি ক্লাবে প্রবেশ করতে সাকিবের দরকার মাত্র ৩০ রান। ৩০৮ ম্যাচে তিনি করেছেন ৪,৯৭০ রান। সাকিব এই রান করেছেন ঘরোয়া ক্রিকেট ও বিপিএল, আইপিএল, বিগ ব্যাশ, সিপিএল, পিএসএলের মতো ফ্র্যাঞ্চাইজি আসরে খেলে।

প্লে-অফে হায়দরাবাদ, কলকাতার বিদায়

মুম্বাই ইন্ডিয়ান্সকে হারিয়ে প্লে-অফে জায়গা করে নিল সানরাইজার্স হায়দরাবাদ। আগামী শুক্রবার এলিমিনেটরে রয়্যাল চ্যালেঞ্জার্সের বিরুদ্ধে খেলবে সানরাইজার্স। বৃহস্পতিবার প্রথম কোয়ালিফায়ারে মুখোমুখি হবে মুম্বাই ইন্ডিয়ান্স ও দিল্লি ক্যাপিটালস।

লিগের শেষ ম্যাচে মুম্বাই ইন্ডিয়ান্সকে হারিয়ে তিন নম্বরে লিগ শেষ করল হায়দরাবাদ। আর এর ফলে ২০২০ আইপিএল থেকে বিদায় নিল কলকাতা নাইট রাইডার্স। লিগের শেষ ম্যাচে নাইটরাও রাজস্থান রয়্যালসকে

হারিয়েছিল। কিন্তু নেট রান-রেটে বিরাট কোহলিদের পিছনে ফেলে প্লে-অফে যাওয়ার জন্য যথেষ্ট ছিল না। ফলে সমসংখ্যক পয়েন্ট হলেও কেকেআরের থেকে ভালো নেট রানরেট থাকায় চতুর্থ দল হিসেবে মরু শহরের আইপিএলে প্লে-অফে চলে গেল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুর।

‘ডু অর ডাই’ ম্যাচে মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ১৫০ রান তাড়া করতে নেমে ১০ উইকেট ম্যাচ জিতে প্লে-অফে জায়গা করে নিল হায়দরাবাদ। দুরন্ত ব্যাটিং করলেন সানরাইজার্সের ওপেনার ডেভিড ওয়ার্নার ও ঋদ্ধিমান সাহা। দু’জনেই হাফ-সেঞ্চুরি করে অপরাজিত থাকেন। এদিন যেন হারার জন্যই মাঠে নেমেছিল মুম্বাই ইন্ডিয়ান্স। মুম্বাই বোলারদের নিয়ে ছেলেখেলা করেন হায়দরাবাদের দুই ওপেনার।

দলের দুই সেরা বোলার জাসপ্রীত বুমরাহ ও ট্রেন্ট বোল্টকে বিশ্রাম দিয়ে মাঠে নামে মুম্বাই। ফলে তার ফর হাতেনাতে পেল রোহিত শর্মার দল। সানরাইজার্সের কোনও উইকেট ফেলতে পারল না তারা। ১৫০ রান তাড়া করে হাসতে হাসতে ম্যাচ জিতে নিল হায়দরাবাদ। ৮৫ রানের অপরাজিত ইনিংস খেলেন সানরাইজার্স ক্যাপ্টেন ওয়ার্নার। ৫৮ বলের ইনিংসে ১০টি বাউন্ডারি ও একটি ওভার-বাউন্ডারি মারেন তিনি। আর ৫৮ রানের অপরাজিত থাকেন ঋদ্ধিমান। ৪৫ বলের সাতটি ইনিংস ও একটি ছক্কা মারেন ঋদ্ধি।

হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ম্যারাডোনা

করোনাভাইরাসে আক্রান্তের শঙ্কায় বেশ কিছুদিন ধরে আইসোলেশনে ছিলেন ডিয়েগো ম্যারাডোনা। এর মধ্যে হঠাৎ করেই হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি।

সোমবার রাতে অসুস্থ অবস্থায় হঠাৎ হাসপাতালে নেওয়া হয়েছে আর্জেন্টাইন ফুটবল কিংবদন্তি ম্যারাডোনাকে।

জানা যায়, বেশ কিছুদিন ধরে শারীরিকভাবে অসুস্থ ছিলেন

ম্যারাডোনা। অসুস্থতার মধ্যেই ৬০তম জন্মদিন পালন করতে ক্লাব জিমনাসিয়ায় এসেছিলেন। চিকিৎসার জন্য তাকে লা প্লাতার ইপেন্সা ক্লিনিকে ভর্তি করা হয়েছে। লিপোলদো লুকের তত্ত্বাবধানে তার সবধরনের পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

চিকিৎসা প্রসঙ্গে তার চিকিৎসক বলেন, ‘বেশ কিছুদিন ধরেই তার অবস্থা ভালো যাচ্ছিল না। তাকে অন্তত তিন দিন পর্যবেক্ষণে রাখা হবে। মানসিকভাবেও ভালো নেই তিনি। আর এটা তার শরীরে প্রভাব ফেলেছে।’

তবে ম্যারাডোনার অবস্থা খুব একটা গুরুতর নয় বলেই আশ্বস্ত করেছেন লুক। চিকিৎসকের ধারণা, ম্যারাডোনার অবস্থা যা চলছিল, তাতে তাকে হাসপাতালে না এনে উপায় ছিল না। তবে ম্যারাডোনার কোভিড-১৯ সংক্রান্ত কিছু হয়নি বলে সবাইকে আশ্বস্ত করেছেন তার চিকিৎসক।

এ ছাড়া দুইবার হার্ট-অ্যাটাকেও ভুগেছেন ম্যারাডোনা। সেই সঙ্গে হেপাটাইটিসেও ভুগছেন তিনি।

ইন্টারের ম্যাচটি ফাইনাল: জিদান

সময়টা মোটেও ভালো যাচ্ছে না রিয়াল মাদ্রিদের। কোচ জিনেদিন জিদানের মতে, সম্প্রতি বেশ কয়েকটি ম্যাচকে ‘ফাইনাল’ হিসেবে খেলেছে তার দল। হ্যাটট্রিক চ্যাম্পিয়নস লিগ জয়ী কোচের দাবি, মঙ্গলবার ইন্টার মিলানের বিপক্ষে তাদের ম্যাচের ফল নির্ধারণ করবে চ্যাম্পিয়নস লিগে নকআউট পর্বে ওঠার বিষয়টি।

ম্যাচের আগের সংবাদ সম্মেলনে সোমবার জিদান বলেছেন, ‘আমরা আমাদের প্রতিপক্ষকে জানি এবং এটা কঠিন ম্যাচ। তারা একটা ভালো দল এবং শারীরিকভাবে শক্তিশালী। তারা ভালো ফুটবল খেলে। আমাদের জন্য আরেকটি কঠিন খেলা। এটা ফাইনাল।’

জিদানে এনিয়ে বলেছেন, ‘এখানে যে খেলোয়াড়েরা আছে, তারা সবসময়

ইতিহাস তৈরি করতে চায়। এই তিনজন (হ্যাজার্ড, বেনজেমা ও আসেনসিও) গুরুত্বপূর্ণ এবং তারা নিশ্চিতভাবে গুরুত্বপূর্ণ কিছু করবে।

আমি জানি অনেকে দলে পরিবর্তনের ব্যাপারে কথা বলছে, কিন্তু আমি দলের ভেতরে দেখতে পাচ্ছি প্রত্যেকে জিততে চায় এবং কোচ হিসেবে আমার কাছে এটা খুব ভালো ব্যাপার। আমার সব খেলোয়াড়ের খেলা উপভোগ করি এবং আমরা প্রত্যেককে নিয়ে উদ্দেশ্য পূরণের চেষ্টা করতে যাচ্ছি।’

১৪ বছর পর ম্যান ইউ’র মাঠে জয় পেল আর্সেনাল

ইংলিশ প্রিমিয়ার লিগের হাইভোল্টেজ ম্যাচে ম্যানচেস্টার ইউনাইটেডকে ১-০ গোলে হারিয়েছে আর্সেনাল। ফলে লিগে ১৪ বছর পর ম্যানচেস্টার ইউনাইটেডের মাঠে জয় পেল আর্সেনাল। ২০০৬ সালের পর পাওয়া এই জয়টি এসেছে পিয়েরে-এমেরিক অবামেয়াংয়েরই একমাত্র গোলে।

প্রতিপক্ষের মাঠে ১৪ বছর পর জয় পাওয়ায় রবিবার রাতটা স্মরণীয় হয়ে থাকবে আর্সেনাল ও পিয়েরে-এমেরিক অবামেয়াংয়ের জন্য।

করোনার করাল গ্রাসে ফুটবল বন্ধ হয়ে যাওয়ার আগে জানুয়ারিতে এই আর্সেনালের সঙ্গে শেষ দেখাটাও যে ছিল হারের তিক্ততায় ভরা। এমিরেটসে সে ম্যাচে ২-০ গোলে হেরেছিল ম্যানচেস্টার ইউনাইটেড।

গত মৌসুমে দুর্দান্ত ছিলেন অবামেয়াং। কিন্তু এ মৌসুমে টানা ৫ ম্যাচ গোল শূন্য ছিলেন গ্যাবোন জাতীয় দলের এই ফরোয়ার্ড। অবশেষে গোল খরা কাটল তার ম্যানইউয়ের বিপক্ষে বড় ম্যাচে।

ম্যাচের প্রথমার্ধ ছিল গোলশূন্য। ৬৯ মিনিটে অবামেয়াং পেনাল্টি থেকে লিড এনে দিয়েছিলেন আর্সেনালকে। ম্যাচ শেষ বাঁশি বাজা পর্যন্ত যে লিড ধরে রেখে জয়ের হাসি নিয়ে মাঠ ছাড়ে মিকেল আর্তেতার দল।

এ জয়ে ৭ ম্যাচে ৪ জয়ে ১২ পয়েন্ট নিয়ে নবম স্থানে উঠে এসেছে

আর্সেনাল। আর ৬ ম্যাচে মাত্র ৭ পয়েন্ট নিয়ে ১৫তম স্থানে ম্যানইউ। ৭ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে বর্তমান চ্যাম্পিয়ন লিভারপুল।

আইপিএল: কোন অঙ্কে প্লে-অফে টিকে যেতে পারে শাহরুখের কলকাতা?

সুযোগটা দিয়েছিল চেন্নাই সুপার কিংস। তা একেবারে দু’ হাত দিয়ে গ্রহণ করল কলকাতা নাইট রাইডার্স। এর ফলে প্লে-অফের দৌঁড়ে এগিয়ে থাকলেন ইয়ান মরগ্যানরা।

রবিবার দুবাইয়ে রাজস্থান রয়্যালসকে উড়িয়ে দেয় কেকেআর। এর সুবাদে একলাফে অষ্টম স্থান থেকে লিগ তালিকার চতুর্থ স্থানে উঠে আসেন নাইটরা। শুধু তাই নয়, ৬০ রানে জয়ের ফলে কেকেআরের নেট রানরেটও (- ০.২১৪) অনেকটা ভালো হয়েছে। এর জেরে দিল্লি ক্যাপিটালস এবং রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর ম্যাচে হারের ব্যবধান কিছুটা বেশি হলেই প্লে-অফে উঠে যাবে কেকেআর।

কেকেআরের প্লে-অফ ভাগ্য কেমন হতে পারে, দেখে নিন-
১. দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে হেরে গেল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। মুম্বাই ইন্ডিয়ান্সের কাছে হেরে গেল সানরাইজার্স হায়দরাবাদ। তাহলে মুম্বাইয়ের পয়েন্ট হবে ২০। দিল্লির হবে ১৬ পয়েন্ট। ১৪ পয়েন্টে থাকবে ব্যাঙ্গালোর এবং কলকাতার। দু’ দলই উঠে যাবে প্লে-অফে।

২. দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে হেরে গেল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে জয় পেল সানরাইজার্স হায়দরাবাদ। তাহলে মুম্বাইয়ের পয়েন্ট হবে ১৮। দিল্লির হবে ১৬ পয়েন্ট। ১৪ পয়েন্ট হবে হায়দরাবাদ, ব্যাঙ্গালোর এবং কলকাতার। সেখানে নেট রানরেটের বিষয়টি বিবেচনা করা হবে। সেক্ষেত্রে ভালো নেট রানরেটের সৌজন্য তৃতীয় হয়ে উঠে যাবে হায়দরাবাদ। চতুর্থ

স্থানের জন্য লড়বে কেকেআর ও ব্যাঙ্গালোর।

৩. দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে জিতল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। মুম্বাই ইন্ডিয়ান্সের কাছে হেরে গেল সানরাইজার্স হায়দরাবাদ। তাহলে মুম্বাইয়ের পয়েন্ট হবে ২০। ব্যাঙ্গালোরের হবে ১৬ পয়েন্ট। ১৪ পয়েন্ট হবে দিল্লি এবং কলকাতার। দু’দলই উঠে যাবে প্লে-অফে।

৪. দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে জিতল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে জয় পেল সানরাইজার্স হায়দরাবাদ। তাহলে মুম্বাইয়ের পয়েন্ট হবে ১৮। ব্যাঙ্গালোরের হবে ১৬ পয়েন্ট। ১৪ পয়েন্ট হবে হায়দরাবাদ, দিল্লি এবং কলকাতার। সেক্ষেত্রে ভালো নেট রানরেটের সৌজন্য তৃতীয় হয়ে উঠে যাবে হায়দরাবাদ। চতুর্থ স্থানের জন্য লড়বে কেকেআর ও দিল্লি।

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামের বেহাল দশা

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়াম ঘিরেই জেলার সকল খেলাধুলার আয়োজন হয়ে থাকে। এই মাঠ থেকেই অনেক জাতীয় পর্যায়ের খেলোয়াড় তৈরি হয়েছে। তারা দেশের বিভিন্ন খেলায় প্রতিনিধিত্ব করে সুনাম বয়ে নিয়ে এসেছে।

বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়াম, গত দুই বছরে একেবারেই পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। করোনা মহামারির কারণে ও গত কমিটির মেয়াদ ২০১৯ সালের জানুয়ারি মাসে শেষ হবার পর কোনো খেলাধুলা না হওয়ায় এক প্রকার শ্রী হীন অবস্থায় রয়েছে স্টেডিয়ামটি। স্টেডিয়ামের গ্যালারিসহ মাঠের মধ্যে চারপাশ ঝোপ জঙ্গলে পরিপূর্ণ হয়ে আছে। গরুর খাবারের জন্য মাঠ থেকে ঘাস কেটে নিয়ে যাচ্ছে এলাকার লোকজন।

সাবেক এক ফুটবল খেলোয়াড় বলেন খেলাধুলা নেই নিধিরাম সরদার শুধু চেয়ারটা নিয়ে চলে রাজনীতি, দেশে কত সংবাদপত্র কেউ একটু লেখে না

অভিভাবকগন, খেলোয়াড়, সংগঠকদের দাবি যত দ্রুত সম্ভব জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন স¤পন্ন করে স্টেডিয়ামকে খেলাধুলার উপযোগী করা হোক। তারা মনে করেন খেলাধুলার জগতে নেই এমন গুটি কয়েক ব্যক্তির ব্যক্তিগত স্বার্থের হাতিয়ার হিসেবে পরিণত হয়েছে স্টেডিয়ামটি।

খেলাধুলা বন্ধ থাকায় স্থানীয় কোমলমতি বাচ্চারা সহ উঠতি খেলোয়াড়রা নিদারুন হতাশার মধ্যে রয়েছে, তাদের মধ্যে মাদকের ভয়াবহতা ঢুকে যাওয়ার ঝুঁকি রয়েছে।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ বলেন, মহামান্য হাইকোর্টের নিদের্শনার আলোকে কমিটি গঠনের নির্বাচনী কার্যক্রমসহ কমিটি গঠনের সকল কার্যক্রম স্থগিত ঘোষণা করা হয়।

তবে এই আপদকালীন সময়ে ক্রীড়াসংস্থা পরিচালনা, ক্রীড়ার কার্যক্রম সচল রাখার জন্য প্রশাসনের ৪কর্মকর্তা দায়িত্বে রয়েছেন। দীর্ঘ করোনাকালীন খেলাধুলার সকল কার্যক্রম বন্ধ রয়েছে তবে এরই মধ্যে দুঃস্থ এবং অসচ্ছল খেলোয়াড়, সংগঠক ও প্রশিক্ষকদের আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। খেলায় ফিরে আসার জন্য আমরা কাজ শুরু করেছি, খুব শীঘ্রই স্টেডিয়াম সরব হবে বলে আশা করছি।

লা লিগায় টানা ৪ ম্যাচে জয়শূন্য বার্সা

লা লিগায় জয়ের স্বাদ প্রায় ভুলতে বসেছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা। এমনকি ১০ জনের আলাভেসও লিওনেল মেসিদের রুখে দিল।

এই নিয়ে লা লিগায় টানা চার ম্যাচে জয়শূন্য রইল কাতালান জায়ান্টরা।

শনিবার রাতে আলাভেসের মাঠে ১-১ গোলে ড্র করেছে বার্সা। চলতি মৌসুমে বার্সা যেন অচেনা এক দল। এর আগে সেভিয়ার সঙ্গে ড্র করার পর গেতাফে ও রিয়াল মাদ্রিদের কাছে হেরে যায় রোনাল্ড কোম্যানের দল।

ম্যাচের শুরুটা ঢিমেতালে করলেও সময়ের সঙ্গে সঙ্গে ঠিকই গুছিয়ে কিছু আক্রমণে উঠেছিল বার্সা। এর মধ্যে দ্বাদশ মিনিটে গোলরক্ষককে একা পেয়েও আনসু ফাতি শট লক্ষ্যে রাখতে ব্যর্থ হন। ২৩তম মিনিটে লিওনেল মেসির ফ্রি-কিক গোল লাইন থেকে ফিরিয়ে দেন আলাভেসের নাভারো হিমেনেস।

শুরুর আক্রমণের ধারা কিছুটা ঝিমিয়ে পড়তেই গোল হজম করে বসে বার্সা। বার্সা গোলরক্ষককে ব্যাক পাস দেন সেন্টার-ব্যাক জেরার্ড পিকে। ওদিকে বলের দিকে ছুটে আসেন আলাভেসের রিয়োহা। তাকে ছুটে আসতে দেখে তাড়াহুড়ো করতে গিয়ে বল হারান নেতো আর তা কাজে লাগিয়ে আলাভেসকে এগিয়ে দেন রিয়োহা।

পিছিয়ে পড়ে কিছু প্রতি আক্রমণ করলেও ব্যবধান করাতে পারছিল না বার্সা। ফলে দ্বিতীয়ার্ধের শুরুতেই ত্রিনকাও, পেদ্রি ও পিয়ানিচকে মাঠে নামান কোম্যান। এর ঠিক মিনিট তিনেক পর মেসির দারুণ এক শট কর্নারের বিনিময়ে ঠেকান আলাভেস গোলরক্ষক।

মেসির সুযোগ মিসের কিছুক্ষণ পর থেকেই নিজেদের রক্ষণকে আরও জমাট করে ফেলে স্বাগতিকরা। বার্সার সবাই প্রতিপক্ষের অর্ধে অবস্থান নেয়। আক্রমণও চালায় বেশ কয়েকটি। কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছিল না।

৬২তম মিনিটে দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন আলাভেসের হোতা। একজন কমে যাওয়ার ১ মিনিট পরেই দারুণ এক ফিনিশিংয়ে সমতা ফেরান আতোঁয়া গ্রিজম্যান। এর কিছুক্ষণ পর মেসির শট দারুণ দক্ষতায় ফেরান আলাভেসের গোলরক্ষক।

৭১তম মিনিটে ফের লক্ষ্যভেদ করেন গ্রিজম্যান। কিন্তু ত্রিনকাও অফসাইডে থাকায় গোলের বাঁশি বাজাননি রেফারি। ৮৫তম মিনিটে বল জালে পাঠান মেসিও। কিন্তু এবার অফসাইডের ফাঁদে বার্সা অধিনায়ক নিজেই পড়েন। ২ মিনিট পর মেসির বুদ্ধিদীপ্ত ফ্রি কিকে দেস্ত শট নিলেও ঠেকিয়ে দেন গোলরক্ষক।

সবমিলিয়ে ম্যাচের আসল নায়ক আলাভেসের গোলরক্ষক। মেসি, পিয়ানিচ আর দেস্তকে একাই সামাল দিয়েছেন তিনি। ম্যাচে বার্সা শট নিয়েছে ২৫টি, যার মধ্যে ৯টি ছিল গোলমুখে। তিন-চতুর্থাংশ সময় বল দখলে রেখেও বার্সার হোঁচট খাওয়ার পেছনে দায়ী স্বাগতিক গোলরক্ষক।

এই নিয়ে ৬ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে লা লিগার পয়েন্ট টেবিলের দ্বাদশ

স্থানে আছে বার্সা। ২ ম্যাচ বেশি খেলা আলাভেসেরও পয়েন্ট সমান। তবে শীর্ষে থাকা রিয়াল এখন চিরপ্রতিদ্বন্দ্বী বার্সার চেয়ে এগিয়ে গেছে ৮ পয়েন্টের ব্যবধানে।

এমবাপ্পে নৈপুণ্যে নঁতেকে উড়িয়ে দিল পিএসজি

ইনজুরির কারণে ছিটকে যাওয়া নেইমার জুনিয়রের অভাব বুঝতে দিলেন না কিলিয়ান এমবাপ্পে। এই ফরাসি ফরোয়ার্ডের নৈপুণ্যে নঁতেকে উড়িয়ে দিল পিএসজি।

শনিবার রাতে ঘরের মাঠ পার্ক দেস প্রিন্সেসে নঁতেকে ৩-০ গোলে হারিয়েছে পিএসজি। এমবাপ্পে ছাড়াও গোলের দেখা পেয়েছেন আন্দের হেরেইরা ও পাবলো সারাবিয়া।

ম্যাচের শুরু থেকে নঁতেকে চেপে ধরা পিএসজি বেশ কয়েকটি দুর্দান্ত আক্রমণ শানায়। দ্বাদশ মিনিটে দানিলো পেরেইরার হেডে পোস্টের বাইরে দিয়ে চলে যায় বল। এর মিনিট তিনেক পরেই সুযোগ পেয়ে গিয়েছিল নঁতে। কিন্তু ছয় গজ বক্সের ফাঁকায় বল পেয়েও ঠিকমতো পা ছোঁয়াতে পারেননি মোজেজ সিমোন।

২৭তম মিনিটে সতীর্থের বাড়ানো বল ডি-বক্সে পেয়েও লক্ষ্যভেদ করতে পারেননি এমবাপ্পে। বিরতির আগে সারাবিয়ার ক্রসে পা ছোঁয়াতে ব্যর্থ হন তিনি।

প্রথমার্ধের বিরতির পর শুরুতেই এগিয়ে যায় পিএসজি। এমবাপ্পের পাস ধরে ডি-বক্সের ভেতর থেকে বাঁ পায়ের জোরালো শটে বল জালে জড়ান হেরেইরা। ৬৫তম মিনিটে প্রতিপক্ষের ডিক-বক্সে ফাউলের শিকার হন এমবাপ্পে। তা থেকে গোল করে ব্যবধান বাড়ান তিনি।

৭০তম মিনিটে পেনাল্টি পেয়েও পিএসজির গোলরক্ষক কেইলর নাভাসের নৈপুণ্যে গোল করতে ব্যর্থ হন নঁতের কাদের বাম্বা। খেলার শেষ বাঁশি বাজার আগে ব্যবধান আরও বাড়ান সারাবিয়া।

এই নিয়ে টান সাত ম্যাচে জয় পাওয়া পিএসজি ২১ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে। সমান ১৮ পয়েন্ট নিয়ে দুইয়ে লিল এবং তিনে আছে রেন।

কালীগঞ্জ চাপালী ফুটবল টুর্নামেন্টে ঝিনাইদহের জয়

শনিবার বিকাল ৪ টায় চাপালী যুব সংঘের আয়াজনে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ২য় খেলায় মাঠে নামে কালীগঞ্জের বেজপাড়া ফুটবল একাদশ ও ঝিনাইদহ ফুটবল একাদশ।

চাপালী ফুটবল মাঠে বিকাল ৪টায় খেলা শুরু হয়। এ খেলায় প্রতিদ্বন্দ্বিতা করেন বেজপাড়া ফুটবল একাদশ ও ঝিনাইদহ ফুটবল একাদশ। খেলা শুরুর ৪ মিনিটে ৯ নং জার্সি পরিহিত খেলোয়াড় শাকিল প্রথম গোলটি করে ঝিনাইদহ ফুটবল একাদশকে এগিয়ে নেয়। গোল শোধ দিতে মরিয়া বেজপাড়া ফুটবল একাদশ।

এরই মাঝে ১১ মিনিটে আরেকটি গোল করে পুনরায় দলকে এগিয়ে নেয় সেই শাকিল । খেলার ৩৯ মিনিটে তৃতীয় গোল টি করেন ২নং জার্সি পরিহিত খেলোয়াড় রিয়াজ।

ঝিনাইদহ ফুটবল একাদশ তিন গোলে এগিয়ে থেকে শেষ করে প্রথমার্ধের খেলা।

এরপর শেষার্ধের খেলা শুরুর ৩০ মিনিটের মাথায় নিজের তৃতীয় গোল করে হ্যাট্টিক করেন ঝিনাইদহের শাকিল। ৪-০ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে ঝিনাইদহ ফুটবল একাদশ।

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন ঝিনাইদহ ফুটবল একাদশের ৯নং জার্সি পরিহিত শাকিল। খেলা পরিচালনা করেন রবিউল ইসলাম ও তার দুই সহকারী মারুফ হাসন ও নিপ্পন।